

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.০৮১.২০১৭-১২০৮

তারিখ : ২৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ


প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ জিন্নাত আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী এর বিরুদ্ধে বাঘা থানার মামলা নম্বর ২৯ তারিখ: ২৮/০২/২০১৩, অর্ডিন্যান্স নম্বর ২৪২, তারিখ: ২৩/১১/২০১৩ (ধারা ১৪৩/১৪৪/১৮৬/৩৩২/৩৫৩/৩০৭/১১৪/৩৪৮৪বিঃ) অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ জিন্নাত আলী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী এর বিরুদ্ধে গত ২৮ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে ১৭.৩০টা হতে ১৯.৩০ টা পর্যন্ত কমপক্ষে ৫০০জন সন্ত্রাসী সমন্বয়ে ককটেল, বোমা, বিভিন্ন আগ্নেয়াস্ত্র, ইট-পাটকেল, হাসুয়া-লাঠি ইত্যাদিসহ বেআইনী জনতায় দলবদ্ধ হয়ে বাঘা হযরত শাহু আঃ হামিদ দানিশ মান্দ ফাজিল মাদ্রাসার সম্মুখে দক্ষিণ পার্শ্বের রাস্তায় কর্তব্যরত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের উপর আক্রমণ করার অভিযোগ রয়েছে। মামলার বর্ণনা অনুযায়ী তাদের হাতের ককটেল/বোমা বিস্ফোরণে এবং অন্যান্য অস্ত্রের আঘাতে কর্তব্যরত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা আহত হন। রাষ্ট্রীয় সম্পদ ও জানমাল রক্ষার্থে কর্তব্যরত আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা বেআইনী জনতার উপর গুলিবর্ষণ করতে বাধ্য হয় এবং ঘটনাস্থল হতে তিনিসহ অন্যান্য আসামীর হাতেনাতে ধৃত হন। উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩খ(১) অনুসারে রাজশাহী জেলার বাঘা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ জিন্নাত আলীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(ড. জুলিয়া মর্দন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭


নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.০৮১.২০১৭-১২০৮/১(১৪)

তারিখ : ২৩ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ
০৮ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৮। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৯। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।

- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহী।
- ১২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী /উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বাঘা, রাজশাহী।
- ✓ ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। জনাব মোঃ জিন্নাত আলী, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, বাঘা, রাজশাহী।


০৫/০৫/২০১৭
(ড. জুলিয়া মঈন)
উপসচিব